LIBERTY JUSTICE EQUALITY

CENTRE FOR PROTECTION OF DEMOCRATIC RIGHTS AND SECULARISM
(CPDRS)
WEST BENGAL STATE COMMITTEE
Office: 77/2, Lenin Sarani, Kolkata- 700 013
Mob: 9883717575, 8420094883 Email: cpdrs.india@gmail.com

কেন্দ্রীয় সরকারের "সম্প্রচার পরিষেবা (নিয়ন্ত্রণ) বিল ২০২৩"-এর বিরোধিতা করে মানবাধিকার সংগঠন সিপিডিআরএস এর রাজ্য সম্পাদক রাজকুমার বসাক আজ (০৪.০৮.২০২৪) এক বিবৃতিতে বলেন,

"কেন্দ্রীয় সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রক গতবছর ১০ নভেম্বর 'সম্প্রচার পরিষেবা (নিয়ন্ত্রণ) বিল ২০২৩'-এর খসড়া প্রকাশ করার সাথে সাথেই মানবাধিকার সংগঠন সিপিডিআরএস এর বিরোধিতায় সরব হয়েছিল। 'কেবল টেলিভিশন নেটওয়ার্ক (রেগুলেশন) এক্ট ১৯৯৫'-এর পরিবর্তন করে এই বিলে OTT (Over The Top) এবং ডিজিটাল নিউজ মিডিয়ায় নজরদারি বাড়ানোর ব্যবস্থা করা হয়েছে।

এর মাধ্যমে হোয়াটসঅ্যাপ, টেলিগ্রাম মেসেঞ্জার, সিগনাল প্রাইভেট মেসেঞ্জার সব সেন্সর করা হবে, তা অডিও, ভিসুয়াল, সাইন, সিগন্যাল, লেখা, ছবি যে কোন কিছু হতে পারে। সিনেমা, ফিচার, নাটক, ডকুমেন্টারি, বিজ্ঞাপন, সিরিয়াল, লাইভ পারফরমেন্স যে কোন কিছু সরকারের মতের বিরোধী হলেই তা শাস্তিযোগ্য অপরাধ বলে বিবেচিত হবে। এ কেবলমাত্র ঘোষিত 'এমার্জেন্সি'তেই হতে পারে।

এই বিল সংবিধান প্রদত্ত বাক্-স্বাধীনতার মৌলিক অধিকারের পরিপন্থী এবং যেসব সংবাদমাধ্যমকে কেন্দ্র সরকার এখনও বশে আনতে পারেনি, আইন করে সেই স্বাধীন সংবাদ মাধ্যমকে শিকল পরানোর চেষ্টা। আমরা মানবাধিকার সংগঠন সিপিডিআরএস এই অগণতান্ত্রিক ও মানবাধিকার হরণকারী বিল প্রত্যাহারের দাবী জানাই।"

সংবাদদাতা

রাজীব সিকদার

অফিস সম্পাদক